গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)

এবং

সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই, ২০২৪ - ৩০ জুন, ২০২৫

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১। | কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| ২। | প্রস্তাবনা | ৪ |
| ৩। | সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৫ |
| ৪। | সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৬ |
| ৫। | সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা | ৭ |
| ৬। | সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) | ১২ |
| ৭। | সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক | ১২ |
| ৮। | সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ | ১৩ |

# কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:

- সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতায় জাতীয় পর্যায়ের একটি প্রশিক্ষণ ও গবেষণা প্রতিষ্ঠান। প্রশিক্ষণ, গবেষণা ও প্রশাসন - এ তিনটি বিভাগের মাধ্যমে নিপোর্টের সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়।

ঢাকাস্থ প্রধান কার্যালয় এবং দেশব্যাপী বিস্তৃত বিভাগ ও জেলা পর্যায়ের ১৩টি আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (RPTI) ও ১টি পরিবার কল্যাণ প্রশিক্ষণ প্রতিষ্ঠান (FWTI) এবং উপজেলা পর্যায়ের ২০টি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (RTC) এর মাধ্যমে নিপোর্টের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়। নিপোর্টে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বিভিন্ন প্রতিষ্ঠানের সেবা প্রদানকারীদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি এবং দৃষ্টিভংগি পরিবর্তনের জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া নিপোর্ট স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি বিষয়ে নিয়মিতভাবে গবেষণা ও সার্ভে পরিচালনা করে থাকে।

বিগত তিন বছরে (২০২১-২২ থেকে ২০২৩-২০২৪) নিপোর্টে জেলা, উপজেলা ও মাঠ পর্যায়ের ২৫,৬৩৭ জন কর্মসূচি ব্যবস্থাপক, চিকিৎসক, প্রশিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, নার্স, প্যারামেডিক ও মাঠকর্মীকে মৌলিক, ওরিয়েন্টেশন, ইনডাকশান ও পুনঃপ্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তন্মধ্যে বিভিন্ন পর্যায়ের ৯০ জন কর্মসূচি ব্যবস্থাপকদের জন্য "হাসপাতাল ব্যবস্থাপনা" প্রশিক্ষণ প্রদান একটি বড় অর্জন। এ সময়ে ৪ টি কারিকুলাম হালনাগাদ ও ২ টি কারিকুলাম নতুনভাবে প্রণয়ন করা হয়েছে। এর মধ্যে প্রাইমারী, সেকেন্ডারী ও টারশিয়ারী পর্যায়ের কর্মসূচি ব্যবস্থাপকদের জন্য "হাসপাতাল ব্যবস্থাপনা" বিষয়ক কারিকুলাম প্রণয়ন অন্যতম। উল্লিখিত সময়ে নিপোর্ট জাতীয় পর্যায়ের ৬টি সার্ভে, ২৪টি কর্মসূচি সম্পর্কিত নীতি নির্ধারণী গবেষণা/সমীক্ষা পরিচালনা করেছে, ১৭টি গবেষণা ব্রিফ, ৯টি নিউজলেটার এবং প্রতি বছর বার্ষিক প্রতিবেদন প্রকাশ করেছে। এ সময়ে ২০ জন ৯ম গ্রেডের এবং ১৫০ জন ১১-২০ গ্রেডের জনবলের নিয়োগ সম্পন্ন হয়েছে।

- সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

নিপোর্ট প্রধান কার্যালয়ের পুরাতন ভবন ভেঙ্গে তথায় নতুন ভবন নির্মাণের কাজ শুরু হয়েছে। এ কারণে স্থান সংকুলান না হওয়ায় প্রধান কার্যালয়ে প্রশিক্ষণ কার্যক্রম ব্যাহত হচ্ছে। এছাড়াও বৈশ্বিক পরিস্থিতির কারণে সরকারের ব্যয় সংকোচন নীতির আলোকে প্রয়োজনীয় তহবিলের যোগান না থাকায় প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রম ব্যাহত হতে পারে।

- ভবিষ্যৎ পরিকল্পনা

নিপোর্টের বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে মানসিক স্বাস্থ্য এবং জেন্ডার ধারণা বিষয়ে অন্তত‍ঃ ১ ঘন্টার একটি করে সেশন আয়োজন করা হবে। স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সেবা প্রদানকারীদের জন্য নতুন কারিকুলাম প্রণয়ন করা হবে। এছাড়াও, নিপোর্টের প্রশিক্ষণ কার্যক্রমকে দেশব্যাপী অধিকতর সমাদৃত করার লক্ষ্যে নিপোর্ট 'প্রশিক্ষণ নীতিমালা' প্রণয়ন করা হবে।

## ২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ৩০/০৬/২০২৪ খ্রি: তারিখের মধ্যে বিভিন্ন পর্যায়ের ৬,২০০ জন সেবা প্রদানকারীকে মৌলিক ওরিয়েন্টেশন, ইনডাকশান ও পুনঃপ্রশিক্ষণ প্রদান। ৩০/০৬/২০২৪ তারিখের মধ্যে ৫ টি প্রশিক্ষণ কারিকুলাম ও উপকরণ প্রণয়ন/হালনাগাদ করা এবং ২ টি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন।
- জাতীয় পর্যায়ের একটি সার্ভের তথ্য উপাত্ত সংগ্রহসহ ৮টি অগ্রাধিকারভিত্তিক গবেষণার তথ্য সংগ্রহ ও পর্যালোচনা, ৮টি গবেষণা ব্রিফ/নিউজলেটার প্রকাশ এবং ৮টি গবেষণা ডিসেমিনেশন সেমিনার আয়োজন।
- শুন্যপদ পূরণ এবং RTC, পোরশা নওগাঁ-এর জন্য বিভিন্ন গ্রেডের ১৬টি পদসৃজনের উদ্যোগ গ্রহণ। নিপোর্টের সাংগঠনিক কাঠামো, নিয়োগবিধি, জনবলের পদবিন্যাস সংশোধনের লক্ষ্যে প্রণয়নকৃত খসড়ার চূড়ান্ত অনুমোদন গ্রহণ। নিপোর্টের ৫০ জন কর্মকর্তা-কর্মচারীকে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান।

# প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)

এবং

সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

এর মধ্যে ২০২৪ সালের জুন মাসের ........ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

### রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision):

সকলের জন্য মানসম্মত স্বাস্থ্য শিক্ষা এবং সাশ্রয়ী পরিবার পরিকল্পনা সেবা।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাতের উন্নয়নের মাধ্যমে মানসম্মত স্বাস্থ্য শিক্ষা এবং সবার জন্য সাশ্রয়ী ও গুণগত পরিবার পরিকল্পনা সেবা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র:

#### ১.৩.১ কর্মসম্পাদনের ক্ষেত্র (সংশ্লিষ্ট অফিস কর্তৃক নির্ধারিত)

১. স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সেবা প্রদানকারীদের নির্দিষ্ট কারিকুলামভিত্তিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি এবং দৃষ্টিভংগি পরিবর্তন করা।
২. স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি কর্মসূচি পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য গবেষণাভিত্তিক হালনাগাদ তথ্য প্রদান করা।
৩. নিপোর্টের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করা।
৪. যুগোপযোগী প্রশিক্ষণ উপকরণ এবং তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে প্রশিক্ষণের গুণগত মান উন্নয়ন করা।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত):

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ:
  - ১. জাতীয় শুদ্ধাচার কৌশল
  - ২. ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন
  - ৩. অভিযোগ প্রতিকার ব্যবস্থা
  - ৪. সেবা প্রদান প্রতিশ্রুতি
  - ৫. তথ্য অধিকার

### ১.৪ কার্যাবলি:

১। স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সেবা সেবাপ্রদানকারীদেরকে প্রশিক্ষণ প্রদান
২। প্রশিক্ষণ কারিকুলাম ও উপকরণ প্রণয়ন/হালনাগাদ করা
৩। প্রশিক্ষণের নতুন ধারণা ও প্রযুক্তি বিষয়ে তথ্য আদান-প্রদান করা
৪। জাতীয় পর্যায়ের সার্ভে পরিচালনা করা
৫। কর্মসূচিভিত্তিক নীতি নির্ধারণী গবেষণা/সমীক্ষা পরিচালনা করা
৬। গবেষণা ও সমীক্ষার ফলাফল ডিসেমিনেশন করা
৭। প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রমকে এগিয়ে নেয়ার জন্য দক্ষ মানব সম্পদ তৈরী করা
৮। প্রশাসনিক, আর্থিক, হিসাব, নিরীক্ষা ও কর্মী ব্যবস্থাপনা

# সেকশন ২

## দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ (Projection) | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র [Source of data] |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭নিপো | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| শিশু মৃত্যু (হ্রাস) (পাঁচ বছরের কম বয়সী) ২০২৫ সালের টার্গেট-২৭ | শিশু মৃত্যু হার (হ্রাস) | প্রতি হাজারে | ২৮ | ২৭.২৫ | ২৭.১৫ | ২৭.১২ | ২৭ | স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য অধিদপ্তর | ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (অর্থ বিভাগ প্রণিত খসড়া-মার্চ/২০২২, এর পৃষ্ঠা নং-৫৮২), ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (অধ্যায় ১০, পৃ:৫২২ এ দেয়া ২০২৫ সালের টার্গেট অর্জনের নিমিত্ত), এসভিআরএস ২০২১ (পৃষ্ঠা ১১১), বিএসভিএস ২০২০, ইউনিসেফ, আরপিআইপি; ভলিউম-১, এমআইএস (ডিজিএইচএস), এমআইএস (ডিজিএফপি) |
| মাতৃ মৃত্যু (হ্রাস) ২০২৫ সালের টার্গেট ১০০ | মাতৃ মৃত্যু অনুপাত (১৫ থেকে ১৯ বছর বয়সী প্রসুতিদের ক্ষেত্রে মাতৃমৃত্যু প্রতি লক্ষ জীবিত জন্মে ১১৬) | প্রতি লক্ষে | ১২০ | ১১৬ | ১১২ | ১০০ | ৯৮ | স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য অধিদপ্তর | এসভিআরএস ২০২১ (পৃষ্ঠা ১১১), ইউনিসেফ, আরপিআইপি; ভলিউম-১, এমআইএস (ডিজিএইচএস), এমআইএস (ডিজিএফপি)<br>৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (অধ্যায় ১০, পৃ:৫২২ এ দেয়া ২০২৫ সালের টার্গেট অর্জনের নিমিত্ত), |
| মোট প্রজনন হার (TFR) (হ্রাস) ২০২৫ সালের টার্গেট ২.০ | মোট প্রজনন হার (TFR) | প্রতি মহিলা | ২.০৪ | ২.০২ | ২.০১ | ২.০০৫ | ২.০ | স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য অধিদপ্তর | ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (অর্থ বিভাগ প্রণিত খসড়া-মার্চ/২০২২, এর পৃষ্ঠা নং-৫৮২), ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (অধ্যায় ১০, পৃ:৫২২ এ দেয়া ২০২৫ সালের টার্গেট অর্জনের নিমিত্ত), এসভিআরএস ২০২১ (পৃষ্ঠা ১১১), ইউনিসেফ, আরপিআইপি; ভলিউম-১, এমআইএস (ডিজিএইচএস), এমআইএস (ডিজিএফপি) |
| সকল বিভাগীয় শহরে মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন (টার্গেট-২০৩০ সালের মধ্যে ১ টি করে মেডিকেল বিশ্ববিদ্যালয় সকল বিভাগীয় শহরের জন্য) | মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপনকৃত | সংখ্যা | ০১ | ০১ | ০১ | ০১ | ০১ | স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর এবং স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সরকারি নির্বাচনী ইশতেহার এবং রুলস অব বিজনেস (৩) অনুসারে মেডিকেল কলেজ এবং মেডিকেল বিশ্ববিদ্যালয় সম্পর্কিত বিষয় বাস্তবায়ন সংক্রান্ত |
| সকল ইউনিয়নে (সদর উপজেলা ব্যতিত) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ (টার্গেট- ২০৩০ সালের মধ্যে সকল ইউনিয়নের | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র স্থাপনকৃত | ক্রমপুঞ্জিভূত | ৩৩৭৩ | ৩৩৮১ | ৩৩৮৪ | ৩৩৮৬ | ৩৩৮৯ | স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা-৩ অনুসারে : স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা এবং জনসংখ্যা খাতের পরিকল্পিত উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন আবশ্যক। অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুসারে (পৃষ্টা নং ৫২৩ ও |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| জন্য) | | | | | | | | | ৫৩৬) ভৌত অবকাঠামো ও স্বাস্থ্য স্থাপনা নির্মাণ প্রয়োজন। |
| গবেষণার সুযোগ সম্প্রসারণ (২০২৫ সাল পর্যন্ত বাৎসরিক টার্গেট ২ টি) | মেডিকেল জার্নাল প্রকাশিত | সংখ্যা | ০২ | ০২ | ০২ | ০২ | ০২ | স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য অধিদপ্তর | জাতীয় স্বাস্থ্য নীতি ২০১১ অনুসারে চলমান চ্যালেঞ্জ মোকাবেলায় [(ঢ) ও (ট) অনুসারে] স্বাস্থ্য খাতে গবেষণা ও প্রশিক্ষণ বৃদ্ধি আবশ্যক। রুলস অব বিজনেস (৬) অনুসারে গবেষণার সুযোগ সম্প্রসারণ ও প্রশিক্ষণ বৃদ্ধি আবশ্যক। স্মার্ট বাংলাদেশ (খসড়া) এর স্বাস্থ্য খাতের নির্দেশনায় পৃষ্টা ২১-এর ৫নং প্যারায় সিটিজেন সার্ভের কথা বলা আছে। পাতা ২৬ এ সংশ্লিষ্ট সংস্থার সষ্টওয়্যারর হালনাগাদের কথা বলা আছে। |
| প্রশিক্ষণের সুযোগ সম্প্রসারণ (২০২৪ সালে মধ্যে ১৫টি সমসাময়িক বিষয়ে বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারী- কে প্রশিক্ষণ প্রদান) | বিভাগের কর্মকর্তা/কর্মচারীগ ণের সক্ষমতা উন্নয়নে সমসাময়িক বিষয় নিয়ে লার্নিং সেশন অনুষ্ঠিত | সংখ্যা | ৮ | ১০ | ১২ | ১৪ | ১৬ | নিপোর্ট | জাতীয় স্বাস্থ্য নীতি ২০১১ অনুসারে চলমান চ্যালেঞ্জ মোকাবেলায় [(ঢ) ও (ট) অনুসারে] স্বাস্থ্য খাতে গবেষণা ও প্রশিক্ষণ বৃদ্ধি আবশ্যক। রুলস অব বিজনেস (৬) অনুসারে গবেষণার সুযোগ সম্প্রসারণ ও প্রশিক্ষণ বৃদ্ধি আবশ্যক। স্মার্ট বাংলাদেশ (খসড়া) এর স্বাস্থ্য খাতের নির্দেশনায় পৃষ্টা ২১-এর ৫নং প্যারায় সিটিজেন সার্ভের কথা বলা আছে। পাতা ২৬ এ সংশ্লিষ্ট সংস্থার সষ্টওয়্যার হালনাগাদের কথা বলা আছে। পাতা ২২-এর এ পর্যবেক্ষণ কলামে প্রশিক্ষণের কথা বলা হয়েছে। |
| পেনশন কেইস নিষ্পত্তি (২০২৫ সালের মধ্যে সক্ষমতা বৃদ্ধিপূর্বক বাৎসরিক প্রাপ্ত পেনশন কেইসের ৭০% নিষ্পত্তি) | পেনশন কেইস নিষ্পত্তি করণ | শতকরা | ৪৮ | ৫০ | ৬০ | ৬৫ | ৭০ | পরিবার পরিকল্পনা অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর এবং নিপোর্ট | রুলস অব বিজনেস (২২) অনুসারে, আর্থিক বিষয় নিষ্পত্তি সংক্রান্ত। |

* সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদন ক্ষেত্র | কর্মসম্পাদন ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২৬ | প্রক্ষেপণ ২০২৬-২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| **কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ** | | | | | | | | | | | | | | | |
| ১. স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সেবা প্রদানকারীদের নির্দিষ্ট কারিকুলামভিত্তিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি এবং দৃষ্টিভংগি পরিবর্তন করা। | ২০ | ১.১. প্রশিক্ষণ প্রদান | ১.১.১. প্রশিক্ষিত সেবা প্রদানকারী (মৌলিক, ওরিয়েন্টেশন, ইনডাকশান ও পুনঃপ্রশিক্ষণ) | সমষ্টি | জন | ৬ | ১২,০০০ | ৬,৬০০ | ৬.২০০ | ৫,৫৮০ | ৪,৯৬০ | ৪,৩৪০ | ৩,৭২০ | ৭,০০০ | ৭,৫০০ |
| | | ১.২. নিপোর্টের প্রশিক্ষণ কোর্সে মানসিক স্বাস্থ্য বিষয়ে সেশন আয়োজন করা | ১.২.১ সেশন আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৪ | ০ | ০ | ৭২ | ৬৫ | ৫৮ | ৫০ | ৪৩ | ৭৫ | ৮০ |
| | | ১.৩ নিপোর্টের প্রশিক্ষণ কোর্সে জেন্ডার ধারণা বিষয়ে সেশন আয়োজন করা | ১.৩.১ সেশন আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৪ | ০ | ৪০ | ৪০ | ৩৬ | ৩২ | ২৮ | ২৪ | ৪৫ | ৫০ |
| | | ১.৪. সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান | ১.৪.১ প্রশিক্ষিত কর্মকর্তা-কর্মচারী | সমষ্টি | জন | ৬ | ১০০ | ৫০ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৬০ | ৬৫ |
| ২. স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি কর্মসূচি পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য গবেষণাভিত্তিক হালনাগাদ তথ্য প্রদান করা। | ২০ | ২.১. জাতীয় সার্ভে সম্পন্ন | ২.১.১. জাতীয় সার্ভের তথ্য সংগৃহীত ও ডাটা এন্ট্রিকৃত | সমষ্টি | সংখ্যা | ৬ | ২ | ২ | ১ | ১ | ১ | ১ | ১ | ২ | ২ |
| | | ২.২. কর্মসূচিভিত্তিক নীতি নির্ধারণী গবেষণা/সমীক্ষা সম্পন্ন | ২.২.১. কর্মসূচিভিত্তিক নীতি নির্ধারণী অগ্রাধিকার গবেষণা/সমীক্ষার তথ্য সংগৃহীত ও ডাটা এন্ট্রিকৃত | সমষ্টি | সংখ্যা | ৬ | ১০ | ৮ | ৮ | ৭ | ৬ | ৬ | ৫ | ১০ | ১০ |
| | | ২.৩. গবেষণা ব্রিফ/ নিউজলেটার প্রকাশ | ২.৩.১. গবেষণা ব্রিফ/নিউজলেটার প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ৪ | ১০ | ৮ | ৮ | ৭ | ৬ | ৬ | ৫ | ১০ | ১০ |
| | | ২.৪. ডিসেমিনেশন কর্মশালা/ সেমিনার আয়োজন | ২.৪.১. ডিসেমিনেশন কর্মশালা/ সেমিনার আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৪ | ১০ | ৮ | ৮ | ৭ | ৬ | ৬ | ৫ | ১০ | ১০ |
| ৩. নিপোর্টের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করা | ২০ | ৩.১. শূন্য পদ পূরণ | ৩.১.১. চূড়ান্ত নিয়োগ প্রদান | সমষ্টি | জন | ৪ | ৫৪ | ৩০ | ৩০ | ২৭ | ২৪ | ২১ | ১৮ | ৪০ | ৫০ |
| | | ৩.২. হালনাগাদকৃত TO & E চূড়ান্ত অনুমোদন গ্রহণ | ৩.২.১. খসড়া TO & E অনুমোদনকৃত | তারিখ | তারিখ | ৪ | - | - | ০১/০৬/২৪ | ০৮/০৬/২৪ | ১৫/০৬/২৪ | ২২/০৬/২৪ | ২৯/০৬/২৪ | - | - |

| কর্মসম্পাদন ক্ষেত্র | কর্মসম্পাদন ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২৬ | প্রক্ষেপণ ২০২৬-২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | ৩.৩. হালনাগাদকৃত নিয়োগবিধি চূড়ান্ত অনুমোদন গ্রহণ | ৩.৩.১. খসড়া নিয়োগবিধি অনুমোদনকৃত | তারিখ | তারিখ | ৪ | - | - | ০১/০৬/২৪ | ০৮/০৬/২৪ | ১৫/০৬/২৪ | ২২/০৬/২৪ | ২৯/০৬/২৪ | - | - |
| | | ৩.৪ নতুন পদ সৃজনের প্রস্তবের চূড়ান্ত অনুমোদন গ্রহণ | ৩.৪.১. নতুন পদ সৃজিত | তারিখ | তারিখ | ৪ | - | - | ০১/০৬/২৪ | ০৮/০৬/২৪ | ১৫/০৬/২৪ | ২২/০৬/২৪ | ২৯/০৬/২৪ | | |
| | | ৩.৫ নিপোর্ট প্রশিক্ষণ নীতিমালা প্রণয়ন | ৩.৫.১. নিপোর্ট প্রশিক্ষণ নীতিমালা প্রণীত | তারিখ | তারিখ | ৪ | - | - | ০১/০৬/২৪ | ০৮/০৬/২৪ | ১৫/০৬/২৪ | ২২/০৬/২৪ | ২৯/০৬/২৪ | - | - |
| ৪. যুগোপযোগী প্রশিক্ষণ উপকরণ এবং তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে প্রশিক্ষণের গুণগত মান উন্নয়ন করা। | ১০ | ২.১. নতুন প্রশিক্ষণ কারিকুলাম ও উপকরণ প্রণয়ন | ২.১.১. প্রশিক্ষণ কারিকুলাম ও উপকরণ প্রণীত | সমষ্টি | সংখ্যা | ৩ | ২ | ২ | ২ | ২ | ২ | ১ | ১ | ২ | ২ |
| | | ২.২. বিদ্যমান প্রশিক্ষণ কারিকুলাম ও উপকরণ হালনাগাদ করা | ২.২.১. প্রশিক্ষণ কারিকুলাম ও উপকরণ হালনাগাদকৃত | সমষ্টি | সংখ্যা | ৩ | ৩ | ২ | ২ | ২ | ২ | ১ | ১ | ২ | ২ |
| | | ২.৩. প্রশিক্ষণের নতুন ধারণ ও প্রযুক্তি বিষয়ে তথ্য আদান-প্রদান করা | ২.২.১. প্রশিক্ষণ কর্মশালা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৪ | ২ | ২ | ২ | ২ | ২ | ১ | ১ | ২ | ২ |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত) | | | | | | | | | | | | | | | |
| সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | ১) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন (সংযোজনী ৪) | শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | | | | | | | | | |
| | | ২) ই-গভর্ন্যান্স/উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন (সংযোজনী ৫) | ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | | | | | | | | | |
| | | ৩) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন (সংযোজনী ৬) | তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৩ | | | | | | | | | |
| | | ৪) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন (সংযোজনী ৭) | অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৪ | | | | | | | | | |
| | | ৫) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন (সংযোজনী ৮) | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৩ | | | | | | | | | |

আমি, মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হিসেবে মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.............................. ....................

মহাপরিচালক তারিখ

জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট
(নিপোর্ট)

.............................. ....................

সচিব তারিখ

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | শব্দ সংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | BDHS | Bangladesh Demographic and Health Survey |
| ২ | BHFS | Bangladesh Health Facility Survey |
| ৩ | BMMS | Bangladesh Maternal Mortality Survey |
| ৪ | Covid-19 | Corona Virus Diseases 2019 |
| ৫ | FTC | Field Training Centre |
| ৬ | FWTI | Family Welfare Training Institute |
| ৭ | MMR | Maternal Mortality Ratio |
| ৮ | NIPORT | National Institute of Population Research and Training |
| ৯ | RPTI | Regional Population Training Institute |
| ১০ | RTC | Regional Training Centre |
| ১১ | TFR | Total Fertility Rate |
| ১২ | TO & E | Table of Organogram and Equipment |

সংযোজনী- ২

# কর্মসম্পাদন ব্যবস্থাপনা এবং প্রমাণক

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বাস্তবায়নকারী ইউনিট | লক্ষমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|---|
| ১। | প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষিত সেবা প্রদানকারী (মৌলিক, ওরিয়েন্টেশন, ইনডাকশান ও পুনঃপ্রশিক্ষণ) | প্রশিক্ষণ বিভাগ | সামারী শিট |
| | নিপোর্টের প্রশিক্ষণ কোর্সে মানসিক স্বাস্থ্য বিষয়ে সেশন আয়োজন করা | আয়োজিত সেশন | প্রশিক্ষণ বিভাগ | সামারী শিট |
| | নিপোর্টের প্রশিক্ষণ কোর্সে জেন্ডার ধারণা বিষয়ে সেশন আয়োজন করা | আয়োজিত সেশন | প্রশিক্ষণ বিভাগ | সামারী শিট |
| | সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষিত কর্মকর্তা-কর্মচারী | প্রশিক্ষণ বিভাগ | অফিস আদেশ |
| ২। | জাতীয় সার্ভে সম্পন্ন | জাতীয় সার্ভের তথ্য সংগৃহীত ও ডাটা এন্ট্রিকৃত | গবেষণা বিভাগ | প্রতিবেদন |
| | কর্মসূচিভিত্তিক নীতি নির্ধারণী গবেষণা/সমীক্ষা সম্পন্ন | কর্মসূচিভিত্তিক নীতি নির্ধারণী অগ্রাধিকার গবেষণা/সমীক্ষার তথ্য সংগৃহীত ও ডাটা এন্ট্রিকৃত | গবেষণা বিভাগ | প্রতিবেদন |
| | গবেষণা ব্রিফ/ নিউজলেটার প্রকাশ | গবেষণা ব্রিফ/নিউজলেটার প্রকাশিত | গবেষণা বিভাগ | গবেষণা ব্রিফ/ নিউজলেটারের কপি |
| | ডিসেমিনেশন কর্মশালা/ সেমিনার আয়োজন | ডিসেমিনেশন কর্মশালা/ সেমিনার আয়োজিত | গবেষণা বিভাগ | আমন্ত্রণ পত্র |
| ৩। | শূন্য পদ পূরণ | চূড়ান্ত নিয়োগ প্রদান | প্রশাসন বিভাগ | চূড়ান্ত নিয়োগ আদেশ |
| | হালনাগাদকৃত খসড়া TO & E, নিয়োগবিধি ও পদসৃজনের প্রস্তাবের চূড়ান্ত অনুমোদন গ্রহণ | হালনাগাদকৃত TO & E, নিয়োগবিধি ও পদসৃজনের প্রস্তাবের চূড়ান্ত অনুমোদন | প্রশাসন বিভাগ | মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত চূড়ান্ত অনুমোদনের পত্র |
| | নিপোর্ট প্রশিক্ষণ নীতিমালা প্রণয়ন | নিপোর্ট প্রশিক্ষণ নীতিমালা প্রণীত | প্রশিক্ষণ বিভাগ | মন্ত্রণালয় কর্তৃকনিপোর্ট প্রশিক্ষণ নীতিমালা চূড়ান্তকরণ আদেশ |
| ৪। | প্রশিক্ষণ কারিকুলাম ও উপকরণ প্রণয়ন/হালনাগাদ করা | প্রশিক্ষণ কারিকুলাম ও উপকরণ প্রণীত/হালনাগাদকৃত | প্রশিক্ষণ বিভাগ | কারিকুলাম ও উপকরণের কভার পেইজ/সূচি |
| | প্রশিক্ষণের নতুন ধারণা ও প্রযুক্তি বিষয়ে তথ্য আদান-প্রদান করা | প্রশিক্ষণ কর্মশালা আয়োজিত | প্রশিক্ষণ বিভাগ | আমন্ত্রণ পত্র |

**সংযোজনী ৩**

## অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যে সকল অফিসের সঙ্গে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সঙ্গে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষিত সেবা প্রদানকারী (মৌলিক, ওরিয়েন্টেশন, ইনডাকশান ও পুনঃপ্রশিক্ষণ) | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | অর্থ বরাদ্দ, সময়মত প্রশিক্ষণ ও ক্রয় পরিকল্পনার অনুমোদন প্রদান এবং অর্থ ছাড় |
| নিপোর্টের প্রশিক্ষণ কোর্সে বঙ্গবন্ধুর মানসিক স্বাস্থ্য বিষয়ে সেশন আয়োজন করা | আয়োজিত সেশন | | |
| নিপোর্টের প্রশিক্ষণ কোর্সে জেন্ডার ধারণা বিষয়ে সেশন আয়োজন করা | আয়োজিত সেশন | | |
| সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণ আয়োজন | | |
| প্রশিক্ষণ কারিকুলাম ও উপকরণ প্রণয়ন/হালনাগাদ করা | প্রণীত কারিকুলাম ও উপকরণের আউটলাইন/খসড়া | | |
| প্রশিক্ষণের নতুন ধারণা ও প্রযুক্তি বিষয়ে তথ্য আদান-প্রদান করা | আয়োজিত প্রশিক্ষণ কর্মশালা | | |
| প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষিত সেবা প্রদানকারী (মৌলিক, ওরিয়েন্টেশন, ইনডাকশান ও পুনঃপ্রশিক্ষণ) | পরিবার পরিকল্পনা অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর এবং নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর | প্রশিক্ষণ পরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণার্থী প্রেরণ |
| জাতীয় সার্ভে সম্পন্ন | জাতীয় সার্ভের তথ্য সংগ্রহ ও ডাটা এন্ট্রি | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | সময়মত প্রশাসনিক অনুমোদন প্রদান, অর্থ বরাদ্দ ও ছাড় |
| কর্মসূচিভিত্তিক নীতি নির্ধারণী গবেষণা/সমীক্ষা সম্পন্ন | কর্মসূচিভিত্তিক নীতি নির্ধারণী অগ্রাধিকার গবেষণা/সমীক্ষার তথ্য সংগ্রহ ও ডাটা এন্ট্রি | | |
| গবেষণা ব্রিফ/নিউজলেটার প্রকাশ | গবেষণা ব্রিফ/নিউজলেটার | | |
| কর্মশালা/সেমিনার আয়োজন | আয়োজিত কর্মশালা/সেমিনার | | |
| শুন্য পদ পূরণ | চূড়ান্ত নিয়োগ প্রদান | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সময়মত নিয়োগ প্রক্রিয়ার ধাপ সম্পন্ন করা |
| হালনাগাদকৃত খসড়া TO & E, নিয়োগবিধি ও পদসৃজনের প্রস্তাবের চূড়ান্ত অনুমোদন গ্রহণ | হালনাগাদকৃত TO & E, নিয়োগবিধি ও পদসৃজনের প্রস্তাবের চূড়ান্ত অনুমোদন | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাংলাদেশ সরকারী কর্মকমিশন | সময়মত হালনাগাদকৃত TO & E, নিয়োগবিধি ও পদসৃজনের প্রস্তাবের চূড়ান্ত অনুমোদন গ্রহণের ধাপসমূহ পর্যায়ক্রমে সম্পন্ন করা |